মেহেরপুরের পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত

দলকে সুসংগঠিত ও ঐক্য ধরে রাখার জন্য মেহেরপুর সদর উপজেলার পিরোজপুরে ইউনিয়ন যুবদলের আলোচনা সভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল সাড়ে ৫টায় পিরোজপুর হাট প্রাঙ্গণে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

পিরোজপুর ইউনিয়ন যুবদল আয়োজিত আলোচনা সভায় প্রধান অতিথি ছিলেন, মেহেরপুর জেলা যুবদল সভাপতি জাহিদুল হক জাহিদ, বিশেষ অতিথি পিরোজপুর ইউনিয়নের সাবেক চেয়ারম্যান শামসুল আলম খান। ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক মিয়ারুল ইসলামের সঞ্চালনায় প্রধান বক্তা হিসেবে উপস্থিত ছিলেন, মেহেরপুর সদর উপজেলা যুবদলের সদস্য সচিব কামরুজ্জামান বিপ্লব। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন, পিরোজপুর ইউনিয়ন যুবদলের সভাপতি নুরুল ইসলাম।

বক্তারা বলেন, দলকে সংগঠিত ও দলের আভ্যন্তরীণ ঐক্য ধরে রাখার জন্য আমাদের সকলকে এক হয়ে কাজ করতে হবে। এ সময় উপস্থিত ছিলেন, ইউনিয়ন বিএনপি’র সাবেক সাধারণ সম্পাদক লস্কর আলী, কৃষক দলের সভাপতি আানারুল ইসলাম ও সাধারণ সম্পাদক রফিক আলী সহ বিভিন্ন অঙ্গসংগঠনের নেতৃবৃন্দ।

মেহেরপুরে জেলা বিএনপি’র সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার আমঝুপি ইউনিয়নের চাঁদবিল ও কোলা গ্রামে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “আপনারা অবগত আছেন, আগামী ফেব্রুয়ারি মাসে গণতান্ত্রিক প্রক্রিয়ায় ব্যালটের মাধ্যমে নির্বাচনের প্রতিশ্রুতি দেওয়া হয়েছে। বর্তমান সরকারের আইন উপদেষ্টা আসিফ নজরুল বলেছেন, নির্বাচন হলো সরকারের একটি অংশ, তবে কোনো রাজনৈতিক দল সরকার কাঠামোর অংশ হতে পারে না। একটি গণতান্ত্রিক সরকার ক্ষমতায় না থাকলে কোনো দেশের উন্নয়ন সম্ভব নয়।”

তিনি আরও বলেন, “আগামী ফেব্রুয়ারিতে যে নির্বাচন আয়োজনের সিদ্ধান্ত নেওয়া হয়েছে, বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান এই সিদ্ধান্তকে স্বাগত জানিয়েছেন। আমরাও সরকারের এই সিদ্ধান্তকে আন্তরিকভাবে স্বাগত জানাই।”

এসময় তিনি আমঝুপি ইউনিয়নের চাঁদবিল ও কোলা গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির’ সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপি’র সভাপতি লতিব বিশ্বাস, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, মৎস্যজীবী দল নেতা মাজেদ, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গা উপজেলা জামায়াতের

উদ্যোগে নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত

বাংলাদেশ জামায়াতে ইসলামী আলমডাঙ্গা উপজেলা শাখার উদ্যোগে ওয়ার্ড পর্যায়ের দায়িত্বশীলদের নিয়ে এক নির্বাচনী কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। গতকাল মঙ্গলবার বিকেল ৩টায় আলমডাঙ্গা উপজেলা জামায়াত কার্যালয়ে এ কর্মশালা অনুষ্ঠিত হয়।

কর্মশালায় সভাপতিত্ব করেন, উপজেলা নির্বাচন বিভাগের পরিচালক মুহা. মামুন রেজা। প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের জামায়াত মনোনীত সংসদ সদস্য পদপ্রার্থী, জেলা সহকারী সেক্রেটারি ও চুয়াডাঙ্গা জর্জ কোর্টের এপিপি অ্যাডভোকেট মাসুদ পারভেজ রাসেল।

প্রধান অতিথির বক্তব্যে তিনি বলেন, “দেশের বেকার যুবসমাজকে কর্মসংস্থানের সুযোগ তৈরি করে একটি ইনসাফভিত্তিক সমাজ প্রতিষ্ঠা করতে হবে। সমাজে বৈষম্য দূর করে ন্যায়ের ভিত্তিতে রাষ্ট্র গঠনই আমাদের লক্ষ্য।”

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা-১ আসনের নির্বাচন পরিচালক ও জেলা যুব বিভাগের সভাপতি শেখ নূর মোহাম্মদ হোসাইন টিপু, জেলা আইন ও আদালত বিষয়ক সম্পাদক ও নাগদাহ ইউনিয়নের সাবেক চেয়ারম্যান দারুস সালাম, উপজেলা জামায়াতের আমীর ও আলমডাঙ্গা মহিলা ডিগ্রি কলেজের ইংরেজি বিভাগের প্রভাষক শফিউল আলম বকুল।

এছাড়াও উপস্থিত ছিলেন, উপজেলা তারবিয়াত সেক্রেটারি বিলাল হুসাইন, দপ্তর সম্পাদক রফিকুল ইসলাম, যুব বিভাগের সভাপতি তরিকুল ইসলাম, আইন ও আদালত সম্পাদক মোহাম্মদ আলী, মানব সম্পদ সম্পাদক শফিউজ্জামান মিঠুসহ উপজেলার বিভিন্ন ইউনিয়নের আমীর-সেক্রেটারি ও ওয়ার্ড পর্যায়ের সভাপতি ও দায়িত্বশীলগণ। কর্মশালায় বক্তারা আসন্ন উপজেলা ও জাতীয় নির্বাচনে সংগঠনের কৌশল, কর্মপরিকল্পনা এবং মাঠ পর্যায়ের সংগঠন শক্তিশালীকরণের ওপর গুরুত্বারোপ করেন।

স্বেচ্ছাসেবক দলের প্রতিষ্ঠাবার্ষিকীতে মেহেরপুরে বর্ণাঢ্য র্যালি

বাংলাদেশ জাতীয়তাবাদী স্বেচ্ছাসেবক দলের ৪৫তম প্রতিষ্ঠাবার্ষিকী মেহেরপুরে উদযাপন করা হয়েছে।

এ উপলক্ষে মঙ্গলবার (১৯ আগস্ট) বিকেলে এক বর্ণাঢ্য র্যালির আয়োজন করা হয়। র্যালিটি জেলা শিল্পকলা একাডেমী প্রাঙ্গণ থেকে শুরু হয়ে শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ করে জেলা বিএনপির দলীয় কার্যালয়ে গিয়ে শেষ হয়।

জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক মোঃ আজমুল হোসেন মিন্টুর নেতৃত্বে র্যালিতে উপস্থিত ছিলেন জেলা স্বেচ্ছাসেবক দলের সদস্য সচিব হিসেবে মোঃ শহিদুল ইসলাম, সিনিয়র যুগ্ম আহ্বায়ক মোঃ মাহফুজুর রহমান মাহফুজ, যুগ্ম আহ্বায়ক মোস্তাফিজুর রহমান সজিব, ইলিয়াস হোসেন, হারুন অর রশিদ বাচ্চু, মোঃ ফিরোজুর রহমান, মোঃ রাকিবুল ইসলাম সজল, মোঃ চঞ্চল, এম এম সালাউদ্দিন, ইকবাল হাসান প্রমুখ।

এছাড়াও এসময় সদস্য এড. মিজানুর রহমান, এডাম সুমন, এড. এশবার জাহান (তমা), বাশিরুল আজিজ হাসান, বুলবুল আহমেদ, মোঃ কায়কোবাদ, মনিবুল খান, মোঃ টিটোন, মোঃ হারুন, মোঃ মনিরুল ইসলাম, মোঃ লাবলু রহমান, মোঃ বাদশা মিয়া, মোঃ ফুর্তি হাসানসহ অঙ্গ ও সহযোগী সংগঠনের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন।

মেহেরপুর জেলা বিএনপির সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ

অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার বুড়িপোতা ইউনিয়নের গোভিপুরে বিএনপির ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বিকেলে জেলা বিএনপির সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “বর্তমান সরকারের নির্বাচন কমিশনার নির্বাচনের তারিখ ঘোষণা দিয়েছেন, কিন্তু এনসিপি নামের একটি সংগঠন বলছে নির্বাচন হতে দেওয়া যাবে না। এই ধরনের ষড়যন্ত্র বাংলাদেশের মানুষ কোনদিন মেনে নেবে না।

বিগত ১৭ বছরে যেভাবে ভারতীয় আগ্রাসন বাংলার মানুষের উপরে থাবা হিসেবে এসেছে, সেটার বাংলার মানুষ মেনে নেবে না।”
তিনি আরও বলেন, “ফেব্রুয়ারিতে ব্যালটের মাধ্যমে যদি নির্বাচন হয়, সেই নির্বাচনে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান বাংলাদেশের প্রধানমন্ত্রী হবেন ইনশাল্লাহ।” একইসাথে তিনি নেতাকর্মীদের ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান।

এ সময় তিনি বুড়িপোতা ইউনিয়নের গোভিপুর গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপির ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট বিতরণ করেন এবং তাদের সঙ্গে মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে জেলা বিএনপি ও অঙ্গসংগঠনের বিভিন্ন পর্যায়ের নেতাকর্মীরা উপস্থিত ছিলেন। তাদের মধ্যে ছিলেন জেলা বিএনপির সদস্য ইলিয়াস হোসেন, আনছার উল হক, আলমগীর খান ছাতু,সাবেক পিপি আবু সালে মোহাম্মদ নাসিম, হাফিজুর রহমান হাফি, মীর ফারুক, ওমর ফারুক লিটন, রোমানা আহম্মেদ, সদর উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপির সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপির সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা মহিলা দলের সহ-সভাপতি সাবিহা সুলতানা, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারেফ হোসেন তপু, সদস্য মেহেদী হাসান রোলেক্স, সদর থানা যুবদলের সাবেক সভাপতি হাসিবুজ্জামান স্বপন, বুড়িপোতা ইউনিয়ন

বিএনপির সভাপতি নাসির উদ্দিন, পিরোজপুর ইউনিয়ন বিএনপির সভাপতি আতিউর রহমান, পৌর বিএনপির সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, পৌর যুবদল নেতা রিপন, নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতাকর্মীরা।

মেহেরপুরে জেলা বিএনপি’র গণসংযোগ অব্যাহত

মেহেরপুর সদর উপজেলার কুতুবপুর ইউনিয়নের শোলমারিতে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল রবিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান যে বাংলাদেশ নিয়ে স্বপ্ন দেখেছিলেন—স্বনির্ভর বাংলাদেশ, আমরা সেই স্বপ্নের বাংলাদেশ উপহার দিতে চাই ৩১ দফা বাস্তবায়নের মাধ্যমে।” তিনি আরো বলেন, “বিগত ফ্যাসিস্ট সরকারের বিচার এবং একটি সুষ্ঠু নির্বাচন না হওয়া পর্যন্ত আমরা রাজপথ ছাড়ব না।”

এ সময় তিনি কুতুবপুর ইউনিয়নের শোলমারী গ্রামের বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য ইলিয়াস হোসেন আনছারুল হক, আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, সদর উপজেলা সাংগঠনিক সম্পাদক সোহরাব হোসেন, হামিদ খান গাজু, জেলা বিএনপি’র সাবেক যুগ্ম সাধারণ সম্পাদক আব্দুর রহিম, পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা যুবদলের সহ-সভাপতি আনিসুর রহমান লাভলু, আমদহ ইউনিয়ন বিএনপি’র সাধারণ সম্পাদক

সাব্বির হোসাইন, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক মীর জাহাঙ্গীর আলম, বিএনপি নেতা নাহিদসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।

এনডিএম পার্টির গাংনী উপজেলা কমিটি গঠন

জাতীয়তাবাদী গণতান্ত্রিক আন্দোলন (এনডিএম) পার্টির মেহেরপুর জেলার গাংনী উপজেলায় তিন বছর মেয়াদী কমিটি ঘোষনা করা হয়েছে। গতকাল রবিবার দলের মহাসচিব মোমিনুল আমিন স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে কমিটি ঘোষনার বিষটি নিশ্চিত করেছেন।

গাংনী উপজেলা কমিটিতে মহিদুল ইসলাম উজ্জল কে সভাপতি এবং আহসান হাবিব কে সাধারণ সম্পাদক মনোনীত করা হয়। এছাড়া ফরিদা ইয়াসমিন দিপা কে সিনিয়র সহ- সভাপতি, শহিদুল ইসলামকে সহ সভাপতি, ইয়াসাদ আজিম রনিকে সিনিয়র যুগ্ম সম্পাদক, মাহাফুজ্জামান কে যুগ্ম সম্পাদক, সাইফুল ইসলামকে সাংগঠনিক সম্পাদক, মোফাজ্জল হোসেনকে কোষাধ্যক্ষ মোখলেছুর রহমানকে দপ্তর সম্পাদক, তারিক মাহমুদকে প্রচার সম্পাদক করে কমিটি অনুমোদন দেয়া হয়। একই কমিটিতে নির্বাহী সদস্য হিসেবে আছেন, হামিদুল ইসলাম, রাসেল আহমেদ, সোহনুর রহমান সোহান, রেবেকা খাতুন, আসমা খাতুন, লিপি সরকার ও শরিফুল ইসলাম।

এনডিএম এর গাংনী উপজেলা কমিটিকে জেলা উপজেলার সকল শ্রেনী-পেশার মানুষ অভিনন্দন ও শুভেচ্ছা জানিয়েছেন। সেই সাথে দলের নেতাকর্মীরা জনগণের পক্ষে কাজ করবে এমন প্রত্যাশা করেন জেলার সর্বসাধারণ।

আলমডাঙ্গায় উপজেলা ও পৌর বিএনপি’র জনসভা

আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি’র জনসভায় প্রধান অতিথি ছিলেন, জেলা বিএনপি’র সাধারণ সম্পাদক শরিফুজ্জামান শরিফ। গণতন্ত্র প্রতিষ্ঠায় নির্বাচনের কোন বিকল্প নেই বলে তিনি মন্তব্য করেন।

তিনি বলেন আগামী ফেব্রুয়ারী মাসে নির্বাচন, সেই নির্বাচনে ধানের শীষে ভোট দিয়ে বিএনপিকে রাষ্ট্র ক্ষমতায় এনে তারেক রহমানের হাতকে শক্তিশালী করতে হবে। গতকাল আলমডাঙ্গা উপজেলা ও পৌর বিএনপি’র উদ্যোগে বিকেল সাড়ে ৪ টার সময় আলমডাঙ্গা উপজেলা মঞ্চে বিশাল জনসভায় বক্তব্যকালে এ কথা বলেন। এসময় তিনি আরও বলেন, ক্ষমতাচ্যুত স্বৈরাচার শেখ হাসিনা পতনের পর দেশ ত্যাগের ঘটনায় সারাদেশে অগ্নিসংযোগ, লুটপাট, ভাঙচুর ও নৈরাজ্য বন্ধে কঠোর হুশিয়ারী দেয় নেতাকর্মীদের।

আলমডাঙ্গা উপজেলা বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি আক্তারুজ্জামানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ।

প্রধান অতিথির বক্তব্যে শরিফুজ্জামান শরীফ বলেন, ধ্বংস প্রতিহিংসা নই, সকলকে ঔক্যবদ্ধ ভাবে শান্তির সমাজ গড়তে হবে। তরুণরা যে স্বপ্ন নিয়ে বুকের রক্ত ঢেলে দিয়েছে। সেই স্বপ্ন বাস্তবায়নে জ্ঞান ভিত্তিক, গণতান্ত্রিক বাংলাদেশ গড়ে তুলতে হবে। তিনি আরও বলেন, গণতন্ত্র উত্তরণে চলমান প্রক্রিয়াকে বাধাগ্রস্থ করতে সারাদেশে অস্থিতিশীল পরিবেশ সৃষ্টির ষড়যন্ত্র রুখতে হবে। শক্ত হাতে আইনশৃঙ্খলা রুখতে হবে। ধর্ম, বর্ণ পরিচয়ে কেউ যেনো নিরাপত্তাহীনতায় না ভোগেন।

তিনি আওয়ামী লীগের সমালোচনা করে বলেন, তাঁরা এদেশের মানুষের ভোটাধিকার কেড়ে নিয়েছিলেন। ছাত্র জনতা বিপ্লবের মাধ্যমে আওয়ামী শৈরাচার সরকারকে উৎখাত করেছে। আপনারা সকলে দেশনেত্রী খালেদা জিয়া ও বিএনপি’র ভারপ্রাপ্ত সভাপতি তারেক রহমানের হাতকে শক্তিশালী করতে দলকে সুসংগঠিত করুন এবং নির্বাচনের প্রস্তুতি গ্রহণ করে ধানের শীষে ভোট দিতে অনুরোধ জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র

অন্যতম সদস্য খন্দকার আব্দুল জব্বার সোনা, সাংগঠনিক সম্পাদক ফরিদুল ইসলাম, সাইফুল ইসলাম পিটু, জেলা মহিলা দলের সভাপতি রওফুন নাহার রিনা, জেলা জাসাসের সভাপতি হাবিবুল ইসলাম সেলিম, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক আমিনুল হক রোকন, পৌর বিএনপি’র সভাপতি আজিজুর রহমান পিন্টু, সাধারণ সম্পাদক জিল্লুর রহমান ওল্টু, পৌর বিএনপি’র সাংগঠনিক সম্পাদক কাজী আলি আজগর সাচ্চু, যুগ্ম সাধারণ সম্পাদক মাহবুবুল মাস্টার, উপজেলা বিএনপি’র যুগ্ন সম্পাদক হাজী মকবুল হোসেন। উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক আনোয়ার হোসেনের উপস্থাপনায় উপস্থিত ছিলেন, উপজেলা যুবদলের ভারপ্রাপ্ত আহবায়ক মীর উজ্জল, সদস্য সচিব রফিকুল ইসলাম, পৌর যুবদলের সদস্য সচিব সাইফুদ্দিন আলম কনক, যুগ্ম আহ্বায়ক আব্দুল কাদের।

এছাড়া উপজেলা ছাত্রদলের সাধারণ সম্পাদক আল ইমরান রাসেল, পৌর ছাত্রদলের সভাপতি আতিক হাসান রিঙ্কু, সদস্য সচিব মাহমুদুল হক তন্ময়, উপজেলা ছাত্রদলের সাংগঠনিক সম্পাদক মোস্তফা গোলাম, পৌর সাংগঠনিক সম্পাদক রাশিদুল ইসলাম, কলেজ ছাত্রদলের সদস্য সচিব জাহাঙ্গীর হাসান লিমন।

উপজেলা সেচ্ছাসেবক দলের আহ্বায়ক হিমেল, পৌর সেচ্ছাসেবক দলের যুগ্ন আহবায়ক জাকারিয়া শান্ত, ডাউকি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আবদার আলী, সাধারণ সম্পাদক আব্দুস সালাম, বেলগাছী ইউনিয়ন বিএনপির সভাপতি আমজেদ হোসেন, সম্পাদক কামাল হোসেন, জামজামি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আলম শাহ, সম্পাদক পলাশ উদ্দীন, কালিদাসপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি আইনাল হক, সম্পাদক লালন, কুমারী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রফিকুল ইসলাম, সম্পাদক আবু বক্কর সিদ্দীক, হারদি ইউনিয়ন বিএনপি’র সভাপতি মনির হোসেন, সম্পাদক শফিকুল ইসলাম, ভাঙবাড়িয়া ইউনিয়ন বিএনপি’র সভাপতি টিপু সুলতান, গাংনী ইউনিয়ন বিএনপি’র সভাপতি রেজাউল রহমান রেজু, খাদেমপুর ইউনিয়ন বিএনপি’র সভাপতি শেরেকুল ইসলাম, জেহালা ইউনিয়ন বিএনপি’র সভাপতি শহিদুজ্জো মিল্টুন, সম্পাদক আলাউদ্দিন, খাসকররা ইউনিয়ন বিএনপি’র সভাপতি আব্দুর রশিদ, সম্পাদক রাজাবুল ইসলাম, বাড়াদি ইউনিয়ন বিএনপি’র সভাপতি আশাদুজ্জামান বকুল, চিৎলা ইউনিয়ন বিএনপি’র সভাপতি রাজিব ফেরদৌস পাপন, নাগদাহ ইউনিয়ন বিএনপি’র সভাপতি বোরহান উদ্দীন, সম্পাদক শাহিনুজ্জামান।

আরও উপস্থিত ছিলেন, পৌর ওয়ার্ড বিএনপি নেতা রহিদুল হক, হাফিজুর রহমান চমক, আব্দুল জব্বার, মাসুদ সালেহিন লিপু, আব্দুর রশিদ মালিতা, আব্দুর রাজ্জাক, বরকত উল্লাহ, আলিমুদ্দীন, আনজান আলী

প্রমূখ।

দামুড়হুদায় ওর্য়াড বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত

দামুড়হুদার গোবিন্দহুদায় ওর্য়াড বিএনপি’র কর্মীসভা অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার সন্ধ্যা ৭ টার সময় দামুড়হুদা সদর ইউনিয়নের ৫ নং ওর্য়াড গোবিন্দহুদা গ্রাম বিএনপি’র আয়োজনে গোবিন্দহুদা মাধ্যমিক বিদ্যালয় চত্বরে এই কর্মীসভা অনুষ্ঠিত হয়।

৫ নং ওয়ার্ড বিএনপি’র সহ-সভাপতি বজলুর রহমানের সভাপতিত্বে এসময় প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন, দামুড়হুদা উপজেলা বিএনপি’র সভাপতি মনিরুজ্জামান মনির, প্রধান বক্তা হিসাবে উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক রফিকুল হাসান তনু।

উপজেলা বিএনপি’র সাংগঠনিক সম্পাদক প্রভাষক আবুল হাশেমের সঞ্চলায় এসময় আরো উপস্থিত ছিলেন, উপজেলা বিএনপি’র যুগ্ম-সাধারণ সম্পাদক মন্টু মিয়া, সাবেক প্রচার সম্পাদক আশরাফুল আলম বাবলু, দামুড়হুদা সদর ইউনিয়ন বিএনপি’র সিনিয়র সহ-সভাপতি শফিকুল ইসলাম মাষ্টার, যুগ্ম-সাধারণ সম্পাদক আনসার আলী, সাংগঠনিক সম্পাদক গোলাম কবীর, ৫ নং ওয়ার্ড বিএনপি’র সাধারণ সম্পাদক বকুল হোসেন, উপজেলা বিএনপি’র সদস্য ও থানা যুবদল নেতা তারিকুল ইসলাম লিটন, উপজেলা কৃষকদল নেতা শামসুল আলম, ৫ নং ওয়ার্ড গোবিন্দহুদা গ্রাম বিএনপি’র নির্বাচন পরিচালনা কমিটির আহ্বায়ক সাবেক ইউপি সদস্য আমিনুল ইসলাম, যুগ্ম-আহ্বায়ক জাহাঙ্গীর আলম, জেলা ছাত্রদলের সাবেক সদস্য ও দামুড়হুদা উপজেলা ছাত্রদলের সাবেক ভারপ্রাপ্ত সভাপতি ফিরোজ হাসান মন্টু, উপজেলা ছাত্রদলের সাবেক সদস্য ডালিম হোসেন, সাইদুর রহমান ডলার, ৫নং ওর্য়াড বিএনপি নেতা উসমান আলী উথান, যুবদল নেতা দেলোয়ার হোসেন, খোকন আলীসহ স্থানীয় বিএনপি, যুবদল, সেচ্ছাসেবক দল ও ছাত্রদলের নেতৃবৃন্দ।

মেহেরপুর জেলা বিএনপি’র সদস্য সচিব কামরুল হাসানের গণসংযোগ

মেহেরপুর পৌর এলাকার ৩ ও ৪ নং ওয়ার্ডে বিএনপি’র ৩১ দফা দাবির প্রচারে লিফলেট বিতরণ ও গণসংযোগ কর্মসূচি অনুষ্ঠিত হয়েছে। গতকাল শনিবার বিকেলে জেলা বিএনপি’র সদস্য সচিব অ্যাডভোকেট কামরুল হাসানের নেতৃত্বে এ কর্মসূচি পরিচালিত হয়।

গণসংযোগকালে অ্যাডভোকেট কামরুল হাসান বলেন, “ইনশাআল্লাহ আগামী ফেব্রুয়ারি মাসে নির্বাচন হবে এবং সেই নির্বাচনে আমরা তারেক রহমানকে এ দেশের প্রধানমন্ত্রী বানাবো। গত ১৭ বছর আমরা সংবিধানের সমস্ত অধিকার থেকে বঞ্চিত ছিলাম। আমরা চাই সংবিধানে মানুষের যেসব নৈতিক অধিকার জীবনযাপনের অধিকার, ভোটের অধিকার, গণতন্ত্রের অধিকার তা যেন প্রতিষ্ঠিত হয়।

ইনশাআল্লাহ, যদি তারেক রহমানকে বাংলাদেশের প্রধানমন্ত্রী বানাতে পারি, তবে এ দেশের সাধারণ মানুষ সংবিধানের সব অধিকার ভোগ করবে। সংবিধানের আওতায় যেসব বিচারের কথা বলা আছে, সে সব বিচার এ সরকার করবে। আর আমরা চাই এই ফ্যাসিস্টদের দ্রুত ডিসেম্বর মাসের মধ্যে ফাঁসিতে ঝুলতে।

এসময় তিনি পৌর এলাকার বিভিন্ন শ্রেণি-পেশার মানুষের হাতে বিএনপি’র ভারপ্রাপ্ত চেয়ারম্যান তারেক রহমান ঘোষিত ৩১ দফা দাবি সম্বলিত লিফলেট তুলে দেন এবং মতবিনিময় করেন।

গণসংযোগ অনুষ্ঠানে উপস্থিত ছিলেন, জেলা বিএনপি’র যুগ্ম আহ্বায়ক ও সদর উপজেলা বিএনপি’র সভাপতি ফয়েজ মোহাম্মদ, জেলা বিএনপি’র সদস্য আলমগীর খান ছাতু, হাফিজুর রহমান হাফি, ওমর ফারুক লিটন, সাবেক পিপি আবু সালেহ নাসিম, সাধারণ সম্পাদক সাহিদুল ইসলাম, পৌর বিএনপি’র সভাপতি আব্দুল লতিফ বিশ্বাস, সাধারণ সম্পাদক অ্যাডভোকেট এহান উদ্দিন মনা, জেলা স্বেচ্ছাসেবক দলের আহ্বায়ক আজমুল হোসেন মিন্টু, যুগ্ম আহ্বায়ক সিরাজুর রহমান ফিরোজ, জেলা জাসাসের সদস্য সচিব বাকা বিল্লাহ, জেলা যুবদলের সিনিয়র সহ-সভাপতি মোশারফ হোসেন তপু, সাবেক সদর থানা যুবদল সভাপতি হাসিবুজ্জামান

স্বপনসহ স্থানীয় বিএনপি ও অঙ্গসংগঠনের নেতাকর্মীরা।